

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি তৃতীয় জাতীয় সায়েন্স ফেস্ট এর সমাপনী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তৃতীয় নোবিপ্রবি জাতীয় সায়েন্স ফেস্ট এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (১৯ জানুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে ভবনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি ইনস্টিটিউট অব ইনফর্মেশন সায়েন্সেস (আইআইএস) এর পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কি-নোট স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক ড. মো: আব্দুর রশীদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সয়েল, ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট বিভাগের অধ্যাপক ড. মো: আক্তার হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর সরকার এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন।

আজ সমাপনী দিনে সায়েন্টিফিক ডকুমেন্টারি, সায়েন্টিফিক ডিবেট কম্পিটিশন, পোস্টার প্রেজেন্টেশন এবং সায়েন্টিফিক ফটোগ্রাফি কনটেস্ট ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। স্কুল-কলেজ পর্যায়ে ২টি এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১৪টি সহ মোট ১৬টি পর্বে এবারের সায়েন্স ফেস্ট অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন প্রান্তের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা এই সায়েন্স ফেস্টে অংশগ্রহণের জন্য অনলাইন এবং অফলাইন উভয় পদ্ধতিতে নিবন্ধন করে এবং তাদের তৈরী করা প্রজেক্টগুলো প্রদর্শন করে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪